

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রেডিট বিভাগ-১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০১/২০১৮

তারিখ: ০১/০১/২০১৮

বিষয়ঃ গরু মোটাতাজাকরণের জন্য খণ্ড প্রদানের নীতিমালা ও নিয়মাচার।

স্কুদ্র আকারে গরু মোটাতাজাকরণ একটি সম্ভাবনাময় খাত। এ খাত যেমন লাভজনক তেমনি এর বাস্তবায়ন সহজসাধ্য। ঐতিহ্যগতভাবে কৃষি নির্ভর বাংলাদেশের অধিকাংশ কৃষি পরিবার ২/৪ টি করে গরু প্রতিপালন করে থাকে। সাম্প্রতিককালে শহরেও অনেকে গরু পালন করে থাকে। গরু কিংবা বাচুর ক্রয় করে ৫/৬ মাস পর্যন্ত নিবিড় তত্ত্বাবধানে সুষ্ঠ পরিচর্যার মাধ্যমে মোটাতাজা করে বাজারে বিক্রয় করে অতি সহজেই আর্থিকভাবে লাভবান হওয়া যায়। এ খাতে চাহিদা মোতাবেক বিনিয়োগ করা হলে একদিকে যেমন কর্মসংস্থানের সৃষ্টি হয়, অন্যদিকে দেশীয় গোমাংস উৎপাদন বৃদ্ধির মাধ্যমে বৃত্তর জনগোষ্ঠীর প্রোটিন চাহিদা মিটানো সম্ভব হয়। পরিচালনা পর্ষদের ৩০/১১/২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬৯৭ তম সভার অনুমোদনের প্রেক্ষিতে গরু মোটাতাজাকরণ খণ্ডের (স্বল্পমেয়াদি) বিষয়ে একক নীতিমালা ও নিয়মাচার নিম্নে উল্লেখ করা হ'লঃ

১। খণ্ডের উদ্দেশ্যঃ

দেশের বিপুল সংখ্যক কৃষি পরিবার/ব্যক্তিবর্গকে কর্মসূচিতে সম্পৃক্ত করে গরুর মাংস উৎপাদন বৃদ্ধি, দেশের ক্রমবর্ধমান চাহিদা পূরণ করা, গরু পালনের মাধ্যমে উদ্যোক্তাদের আর্থিক স্বচ্ছতা বৃদ্ধি ও ব্যাংকের খণ্ড প্রবাহ বৃদ্ধিকরণ।

২। খণ্ড প্রাপ্তির যোগ্যতাঃ

বর্তমানে প্রচলিত ব্যাংকের খণ্ড ম্যানুয়েলের ২.০১ নং অনুচ্ছেদে বর্ণিত কৃষক/ব্যক্তিবর্গ খণ্ড প্রাপ্তির যোগ্য।
প্রশিক্ষণ প্রাপ্ত ও পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিবর্গ অগ্রাধিকার পাবে।

৩। খণ্ডের নর্মস ও নিয়মাচারঃ

প্রতিটি বাচুর/গরুর জন্য নিম্নোক্তভাবে সর্বোচ্চ খণ্ড প্রদান করা যাবেঃ

ক্রং নং	গরু/বাচুরের প্রকার বা জাত	পূর্বের খণ্ড সীমা	বর্তমান সর্বোচ্চ খণ্ডসীমা (নর্মস)
ক)	দেশীয়/স্থানীয় জাতের প্রতিটি বাচুর	২৫,০০০.০০ টাকা	৪০,০০০.০০ টাকা
খ)	ফ্রিজিয়ান শংকর জাতের প্রতিটি বাচুর	৩০,০০০.০০ টাকা	৫০,০০০.০০ টাকা

৪। খণ্ডের প্রকৃতি ও মেয়াদকালঃ

৪/৫ টি গরু বা বাচুর সম্বলিত গরু মোটাতাজাকরণ খণ্ড স্বল্প মেয়াদি খণ্ড এবং ৫টির উর্ধে সারা বছর মোটাতাজাকরণের অবকাঠামো বিদ্যমান আছে এমন ক্ষেত্রে স্বল্প মেয়াদি অথবা বাস্তবতার নিরিখে চলতি মূলধন খণ্ড আকারে এ খণ্ড প্রদান করা যাবে। খণ্ডের মেয়াদ কাল সর্বোচ্চ ১২ (বার) মাস বা ১ বছর।

৫। গরুর জন্য প্রয়োজনীয় গোয়ালঘর নির্মাণ, চিকিৎসা ব্যয়, খাদ্য ও অন্যান্য অবকাঠামো ব্যয় উদ্যোক্তার নিজস্ব উৎস হতে বিনিয়োগ করতে হবে।

চলমান পাতা-০২

(a)

২১০৮২৮

৬। গরু নির্বাচনঃ

গরু মোটাতাজাকরণ কর্মসূচির আওতায় উন্নত জাতের দেশীয়/স্থানীয় বা শংকর জাতের বাচ্চুর ক্রয় করতে হবে। সকল কর্মসূচির ক্ষেত্রেই মোটাতাজা হওয়ার সম্ভাবনা নেই এবং গরু/বাচ্চুর কোনক্রিমেই নির্বাচন করা যাবে না।

৭। খণ্ড বিতরণঃ

মঙ্গুরিকৃত খণ্ড কমপক্ষে দুই কিলোগ্রাম কিসিততে বিতরণ করতে হবে। প্রথম কিসিততে তিনি গরু/বাচ্চুর জন্য খণ্ড বিতরণ করতে হবে। প্রথম কিসিততে বিতরণকৃত এই টাকার সম্মত নিশ্চিত হয়ে পরবর্তী কিসিতের টাকা বিতরণযোগ্য হবে। সমুদয় টাকা বিতরণের সাত দিনের মধ্যে মাঠ কর্মী কর্তৃক সম্মত যাচাই করে যাচাই প্রতিবেদন ব্যবস্থাপকের নিকট দাখিল করতে হবে। প্রয়োজনে দাখিলকৃত যাচাই প্রতিবেদনের সঠিকতা শাখা ব্যবস্থাপক সরেজমিনে যাচাই করে যাচাই প্রতিবেদনটি খণ্ড নথিতে সংরক্ষণ করবেন।

৮। খণ্ড আদায়ঃ

স্বল্প মেয়াদি সমুদয় খণ্ড বিতরণের তারিখ হতে এক বছরের মধ্যে সুবিধাজনক সময়ে সুদসহ পরিশোধের তারিখ নির্ধারণ করে দিতে হবে। চলতি মূলধন খণ্ডের ক্ষেত্রে ৬(ছয়) মাস সময়সংয়তে প্রথম উত্তোলনের তারিখ হতে সর্বোচ্চ ১(এক) বছর মেয়াদি হবে। নির্ধারিত সময়ে খণ্ড আদায় নিশ্চিত করতে হবে;

৯। মঙ্গুরি ক্ষমতাঃ

প্রচলিত পরিপত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োগ করতে হবে।

১০। খণ্ডের আবেদন ফরমঃ

জামানতবিহীন ২.০০ লক্ষ টাকা পর্যন্ত খণ্ড প্রচলিত শস্য খণ্ডের ফরম (এল, এফ-৬) এবং বন্ধকি খণ্ডের জন্য ফরম (এল, এফ-২) ব্যবহার করতে হবে। যে সকল খণ্ড চলতি মূলধন খণ্ডের আদলে প্রদান করা হবে সে ক্ষেত্রে চলতি মূলধন খণ্ডের ফরম (এল, এফ-৮) ব্যবহার করতে হবে।

১১। খণ্ডের খাতঃ

স্বল্প মেয়াদি গরু মোটাতাজাকরণ খণ্ড-১০১ এবং চলতি মূলধন আকারে প্রদত্ত খণ্ড-১০১৪ খাতে যথারীতি হিসাবভূক্ত করতে হবে। তবে খণ্ড মেয়াদোভীর্ণ হয়ে পড়লে ব্যাংকের বিদ্যমান নিয়মে মেয়াদোভীর্ণ হিসাবের খাতে পরিবর্তিত হবে।

১২। সুদের হারঃ

চলতি মূলধন খণ্ডের ক্ষেত্রে ১১% এবং স্বল্প মেয়াদি খণ্ডের ক্ষেত্রে ৯%। তবে সময়ে সময়ে ব্যাংকের সুদের হার পরিবর্তন হলে এ হার পরিবর্তনযোগ্য। চলতি মূলধন খণ্ডের ক্ষেত্রে ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপ করে হিসাভূক্ত করে নগদে আদায় করতে হবে।

১৩। খণ্ডের জামানতঃ

(ক) ২.০০ লক্ষ টাকা উর্ধ্বের খণ্ডাংকের জন্য অন্যান্য বন্ধকি খণ্ডের ন্যায় প্রচলিত নিয়মে খণ্ডের বিপরীতে সহায়ক জামানত গ্রহণ করে বন্ধকি দলিলসহ অন্যান্য দলিলাদি সম্পাদন করতে হবে। খণ্ড ক্রয়কৃত গরু খণ্ডটি সুদে আসলে পরিশোধের পূর্ব পর্যন্ত ব্যাংকের নিকট দায়বন্ধক থাকবে। এ ব্যাপারে হাইপোথিকেশন দলিল (এল, এফ-৫৫) সম্পাদন করতে হবে।

চলমান পাতা-০৩

প্রিমেয়

(খ) তবে, ২.০০ লক্ষ টাকা পর্যন্ত খণ্ড প্রদানের ক্ষেত্রে জামানত গ্রহণের বিষয়টি শিথিল হবে অর্থাৎ সহায়ক জামানত গ্রহণ ব্যতিরেকে অন্যান্য সকল নিয়মাবলীসহ নিম্নোক্ত শর্ত পরিপালন সাপেক্ষে খণ্ড প্রদান করা যাবে :

- (১) গরু রাখার জন্য প্রযোজনীয় গোয়ালঘর খণ্ড গ্রহীতার নিজস্ব জমিতে নিজ খরচে নির্মাণ করতে হবে এবং তা শাখার মাঠকর্মী ও ব্যবস্থাপক কর্তৃক নিশ্চিত করতে হবে;
- (২) খামারের ভূমি স্বত্ত্ব উদ্যোগার হতে হবে। বিষয়টি নিশ্চিত করণের নিমিত্তে খামার/বাড়ী/ চাষাবাদযোগ্য জমির মূল দলিল , খতিয়ান এর কপি ও হালসনের খাজনার দাখিলা খণ্ড নথিতে সংরক্ষণ করতে হবে। গৃহীত দলিলাদি/কাগজ পত্রাদি প্রচলিত নিয়মে খণ্ড অবসায়নের পর ফেরৎ প্রদান করা হবে মর্মে মঙ্গুরি পত্রে উল্লেখ করতে হবে;
- (৩) সুদসহ খণ্ডকের পরিমাণ আবৃত্ত করে অগ্রিম তারিখ সম্বলিত তফসিলি ব্যাংকের চেক গ্রহণ করতে হবে;
- (৪) খণ্ড মঙ্গুরির পূর্বে ক্রেডিট কমিটির (প্রযোজ্যতা অনুযায়ী) সুপারিশ গ্রহণ করতে হবে;
- (৫) উক্ত দলিলাদি ছাড়াও চলতি মূলধন খণ্ডের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত অন্যান্য দলিলাদি সম্পাদন করতে হবে;
- (৬) নির্ধারিত দেয় তারিখ অতিক্রান্ত হওয়ার ছয় মাসের মধ্যে খণ্ড আদায় না হলে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৪। অন্যান্য বিষয়ঃ

- (ক) নিয়মানুযায়ী খণ্ড মঙ্গুরির সময় খণ্ডকের উপর প্রক্রিয়াকরণ ফি/মূল্যায়ন ফি, সার্চ ফি ইত্যাদি বিধি মাফিক জমা গ্রহণ করতে হবে।
- (খ) বয়স্ক/রোগাক্রান্ত/ দুর্বল গরু ক্রয়ের জন্য খণ্ড প্রদান করা যাবে না।

১৫। তত্ত্বাবধান ও পরিধারণ :

শাখার মাঠকর্মী, শাখা ব্যবস্থাপক নিবিড় তদারকির মাধ্যমে খণ্ডের ব্যবহার, খণ্ড হিসাব পরিচালনা, যথাসময়ে আদায় নিশ্চিতকরণসহ, তত্ত্বাবধান ও পরিধারণ কার্যক্রম পরিচালনা করবেন। এ খাতে খণ্ড প্রবাহ বৃদ্ধি, লক্ষ্যমাত্রা অর্জন এবং সম্ভাবনাময় এ খাতে কৃষি ব্যাংকের ভূমিকা জোরদার করার লক্ষ্যে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় থেকে এ ধরণের খণ্ড সময় সময় পরিদর্শন করে শাখা ও উদ্যোগদেরকে উদ্বৃদ্ধ করতে হবে। এ খাতে খণ্ডদান জোরদারকরণ ও উদ্যোগদেরকে উদ্বৃদ্ধ করার লক্ষ্যে প্রতি অঞ্চলে এখাতে নতুন গুণগত মান সম্পন্ন ভাল খণ্ড বিতরণ করতে হবে। এ ছাড়া নিম্নোক্ত নির্দেশনা পরিপালন করতে হবেঃ

- (ক) মঙ্গুরি ক্ষমতা ও খণ্ডের অপব্যবহার রোধকল্পে উক্ত খাতে বিতরণকৃত খণ্ডের টাকা যথাযথ খাতে ব্যবহৃত হয়েছে মর্মে শাখা ব্যবস্থাপকের প্রত্যায়িত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট খণ্ড নথিতে আবশ্যিকভাবে সংরক্ষণকরণ ও শাখা নিরীক্ষাকালে নিরীক্ষাদল কর্তৃক তা যাচাইযোগ্য হবে;
- (খ) ২.০০ লক্ষ টাকা পর্যন্ত খণ্ডকের জামানত বিহীন খণ্ড সমূহ সুপারভাইজড ক্রেডিট হিসাবে বিবেচনা করতে হবে অর্থাৎ শাখা কর্তৃক মাসিক ভিত্তিতে, মুখ্য আঞ্চলিক কার্যালয় কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে ও বিভাগীয় কার্যালয় হতে ঘান্যাসিক ভিত্তিতে প্রদত্ত খণ্ড সমূহের সামগ্রিক তথ্য সংগ্রহ, পর্যালোচনা ও পরিধারণ নিশ্চিত করতে হবে।

১৬। পরিদর্শন ও যাচাই :

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ শাখা পরিদর্শন কালে এ কর্মসূচির আওতায় বিতরণকৃত খণ্ড সমূহের মঙ্গুরি ও বিতরণের যথার্থতা পরীক্ষা/পর্যালোচনা করবেন। তাছাড়া ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক নিরীক্ষাকালে খণ্ডের সম্বন্ধে যাঁচাই করতে হবে।



১৭। প্রতিবেদন প্রেরণ :

এ কর্মসূচির আওতায় শাখা কর্তৃক বিতরণকৃত ঝণের শাখা/অধ্যলওয়ারী অগ্রগতির প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে নিম্নোক্ত ছকে ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করতে হবে।

(লক্ষ টাকায়)

শাখার নাম/অধ্যল	ঝণ বিতরণ		আদায়যোগ্য ঝণ		আদায়কৃত ঝণ		মেয়াদোভীর্ণ ঝণ		অনাদায়ী ঝণস্থিতি	
	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ

১৮। এই পরিপত্র জারীর প্রেক্ষিতে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৩/২০০৯ তারিখ ২৪/০৩/২০০৯ , পরিচালন পরিপত্র নং-০৭/২০০৯ তারিখ ০৯/০৮/২০০৯ এবং পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৫/২০১৩ তারিখ ২২/১২/২০১৩ বাতিল বলে গণ্য হবে।

১৯। উপরে বর্ণিত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে গরু মোটাতাজাকরণ খাতে ঝণ বিতরণ কার্যক্রম সফলভাবে অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

(ঠাকুর দাস কুন্দু)

মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

ফোনঃ ৯৫৭৪৭৩৭

তারিখঃ - ঐ -

নং-প্রকা/ক্রঃ বিঃ-১/৩(৭)/২০১৭-১৮/৩৩০(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, বিকেবি ট্রেনিং ইনসিটিউট, মিরপুর, ঢাকা।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখাসমূহ।
- ৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ১১। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১২। নথি / মহানথি।

(নিতাই চন্দ্র রায়)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৫০৪০৩

১/৮